৭৩

দৈনিক বাংলা

তারিখ 25 JAN 1996 ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৩ ...

# নাটোরে স্কুলের সংখ্যা বাড়লেও ভর্তি সমস্যা নিরসন হয়নি

মোহাম্মদ সেলিম ঃ নাটোর।–স্কুলের সংখ্যা বৃদ্ধি পেলেও নাটোর জেলার ৬টি থানা এলাকার ছেলেমেয়েদের স্কুলে ভর্তি সমস্যা আগের মতই রয়েছে। ফলে বছরের শুরুতেই অভিভাবক মহল ছেলেমেয়েদের স্কুলে ভর্তি নিয়ে বিপাকে পড়েছে।

বর্তমানে নাটোর জেলার ৬টি থানায় মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ১শ ৭৭টি। এর মধ্যে সরকারী বিদ্যালয়ের সংখ্যা ৩টি এবং বাকি ১শ ৭৪টি বেসরকারী। ৩টি সরকারী বিদ্যালয়ের মধ্যে ২টি নাটোর শহরে অবস্থিত। বাকি ১টি সিংড়া থানায়। এর মধ্যে ২টি বালিকা বিদ্যালয়। সারা জেলায় সরকারী বালক বিদ্যালয়ের সংখ্যা মাত্র ১টি।

অপরদিকে বেসরকারী ১শ ৭৪টি বিদ্যালয়ের মধ্যে নাটোর সদর থানা এলাকায় রয়েছে ৪৭টি, সিংড়ায় ৩৮টি, লালপুরে ৩২টি, বড়াইগ্রামে ২১টি, গুরুদাসপুরে ১৭টি ও বাগাতীপাড়া থানা এলাকায় ১৯টি।

এক বেসরকারী জরিপ থেকে জানা যায়, জেলার ৬টি থানা এলাকার ১৭৭টি বিদ্যালয়ের ছাত্র ধারণ ক্ষমতা প্রায় ১ লাখ ২৩ হাজার ৯শ জনের মত। অথচ জেলায় শিক্ষা উপযোগী মোট ছাত্রছাত্রীর সংখ্যা প্রায় ২ লাখ। ফলে জেলায় প্রায় ৭৬ হাজার ছেলেমেয়ে ভর্তি সমস্যায় ভুগছে।

এ ছাড়া, জেলায় মোট মাদ্রাসার সংখ্যা ৫৮টি। এর মধ্যে নাটোর সদর থানা এলাকায় ১৬টি, সিংড়াতে ৭টি, বড়াইগ্রামে ১৩টি, লালপুরে ৭টি, বাগাতীপাড়ায় ৩টি ও গুরুদাসপুর থানা এলাকায় রয়েছে ১২টি মাদ্রাসা। মাদ্রাসাগুলোতে ইদানীং ছাত্রছাত্রীর ভর্তির হার বৃদ্ধি পেয়েছে বলে মাদ্রাসাগুলোর অধ্যক্ষদের কাছ থেকে জানা যায়।